# বিপানচন্দ্র : আধুনিক ভারত-ইতিহাস চর্চার অবিসংবাদী ব্যক্তিত্ব

শক্তিপ্রসাদ দে, অধ্যাপক, ইতিহাস বিভাগ

আধুনিক ভারত ইতিহাসচর্চায় বিপানচন্দ্র এক সুপরিচিত ব্যক্তিত্ব – যার হাত ধরে আধুনিক ইতিহাসচর্চা হয়েছে সাবলীল, গতিশীল,সহজবোধ্য অথচ বিশ্লেষণমুখী। আমার ইতিহাস পাঠের প্রথম পর্যায়ে আমি আকৃষ্ট হয়েছিলাম তাঁর NCERT প্রকাশিত দ্বাদশ শ্রেণীর জন্য লিখিত 'Modern India' গ্রন্থটির লেখনীশৈলির মাধ্যমে। পরবর্তী পর্যায়ে তাঁর বক্তব্য শোনার মধ্য দিয়ে পেয়েছি তার পাণ্ডিত্যর পরিচয়, অজস্র প্রবন্ধ ও রচিত পুস্তক পড়ার মাধ্যমে হয়েছি তাঁর লেখার গুণমুগ্ধ পাঠক। তাঁর লেখার মধ্যে আছে সাবলীলতা, তাঁর লেখনী ক্ষমতার এই অমোঘ সাবলীল আকর্ষণ আধুনিক ভারত ইতিহাস চর্চার ধারায় এক অনন্য সংযোজন। তাই Indian History Congress- এর Platinum Jubilee Session এ J.N.U. তে Paper Presenter হিসাবে যাবার সময় মনটা কিছুটা হলেও ছিল ভারাক্রান্ত, যে মহান পণ্ডিত পদচারণা করেছেন এবং জ্ঞানের ভাণ্ডার উজাড় করেছেন তাঁর ছাত্রদের মধ্যে দীর্ঘদিন ব্যাপী এই শিক্ষা প্রতিষ্ঠান, তিনিই আজ আমাদের মধ্যে নেই, অথচ আছেন তাঁর অজস্র গুণমুগ্ধের স্মরণে, তাঁর ব্যক্তিগত লেখনশৈলীর দক্ষতায়।

Gandhian Marxist হিসেবে পরিচিত এই ইতিহাসবিদ এর মধ্যে আমরা পেয়েছি এক অনন্য সাধারণ স্বকীয় ঘরানা – প্রাথমিক পর্যায় মার্কসীয় লেখন শৈলী থেকে পরবর্তী পর্যায় জাতীয়তাবাদে উত্তরণের মাধ্যমে, ঐতিহাসিক সব্যসাচী ভট্টাচার্যের ভাষায়, "His Contribution to Marxist and Nationalist interpretations of modern India remain important makers of historiography"। সে কারণেই তাঁর লেখনীতে দেখা যায় একদিকে নেহরুর সমাজতন্ত্রের প্রতি অগাধ আস্থা, বিপরীতে প্রথাগত মার্কসীয় চিন্তাধারা থেকে বেরিয়ে তাঁর রচনাতেই আমরা পেয়েছি গান্ধীর নেতৃত্বে জাতীয় কংগ্রেসের কার্যাকলাপের মাধ্যমে ভারতীয় মুক্তিসংগ্রামের ধারার প্রতি সমর্থন। ঐতিহাসিক এবং তাঁর ছাত্র আদিত্য মুখার্জী, মৃদুলা মুখার্জীর ভাষায়, – "What distinguishes Bipan Chandra From a Large number of Scholars that emerged among the Left, and ranks him among the tallent intellectual within this tradition globally, was his refused to surrender to any kind of dogma while pursuing his intellectual queries."

তাঁর প্রতিভার প্রথম গুরুত্বপূর্ণ স্বাক্ষর তাঁর Doctoral Thesis 1966 খ্রিঃ প্রকাশিত 'The Rise and Growth of Economic Nationalism in India' গ্রন্থটি। এই গ্রন্থটিতে নরম পন্থীদের সম্পর্কে প্রচলিত মনোভাব তিনি পরিবর্তিত করেন। মৃদুলা মুখার্জীর ভাষায়, "He transformed our understanding of the Moderates (1885 - 1905), till then seen by many as ineffectual petitioners. Chandra Proved how they were actually the founding fathers of Indias economic nationalism." Marxist school থেকে Nationalist School of thought" এ বিচরণের ক্ষেত্রে তাঁর অবদান Nationalism and Colorialism in Modern India (1979); The Indian Left : Critical Appraisal (1983), Indian National Movement : The Long Term Dynamies (1988), Essays or Indian Nationalism (1993). Marxist nationalist চিন্তাধারায় অনবদ্য অবদান সাম্প্রতিক কালে প্রকাশিত The making of Modern India : From Marx to Gandhi (2012)। দীর্ঘ সময় ধরে তাঁর সঙ্গে বিভিন্ন বিষয়ে তর্ক আলাপ - আলোচনা চলত স্বনামধন্য মোহিত যেন, এ. আর. দেশাই, রামশরণ শর্মা, ইরফান হাবিব, রোমিলা থাপার, এস. গোপাল, সব্যসাচী চট্টোপাধ্যায় প্রমুখদের সঙ্গে। বিপানচন্দ্রের আপোষহীন সাম্প্রদায়িকতাবিরোধী সংগ্রামী ইতিহাসচর্চার ফসল তাঁর বিখ্যাত গ্রন্থ `Communalism in Modern India' গান্ধীর রামরাজ্য সম্পর্কে তাঁর ব্যাখ্যা, "Gandhiji was certainly

Scanned by CamScanner

not using Ramrajya to mean Hindu Raj but as a just, human, moral and egalitarian system of governance."

People's Historian হিসাবে পরিচিত বিপানচন্দ্রের লক্ষ্য ছিল সর্বসাধারণের কাছে আধুনিক ভারত ইতিহাসচর্চাকে জনপ্রিয় করে তোলা। আপামর ভারতীয়দের মধ্যে জনপ্রিয়তার শীর্ষে অবস্থান করছে তাঁর সম্পাদনার প্রকাশিত দুটি বিখ্যাত গ্রন্থ — `Indians Struggle for Independence' এবং `India Since Independence.'

বিপানচন্দ্র চেয়েছিলেন কেবলমাত্র গবেষণাধর্মী রচনাতেই সীমাবদ্ধ না থেকে বেশি করে পাঠ্যপুস্তক রচনা করতে, এমনকি বিদ্যালয় স্তরের জন্যও, NCERT প্রকাশিত Modern India পুস্তক সম্পর্কে তাঁর ছাত্র Ambedkar University, Delhi-র Professor Salil Misra -র ভাষায়, "He wrote the NCERT textbook to Shape young minds. For him, history - writing wasn't an aloof, scholarly exercise, it was integral to his social accountability and commitment."

ছাত্র সমাজের কাছে তাঁর গ্রহণযোগ্যতা ছিল সুবিদিত। তাঁদের জন্য ছিল অবারিত দ্বার - আলাপ আলোচনার পথ ছিল তাঁদের জন্যও খোলা, Dr. Misra-র কথায়, "Some of his lecures stretched to three hours without a break. But punctuated with anecdotes and life's lesson, these were always absorbing. His lectures were also meticulous and orgamised."

বিপানচন্দ্র ছাড়া আধুনিক ভারত ইতিহাসচর্চা বিশেষত আর্থ-রাজনৈতিক ইতিহাস চর্চা সম্পূর্ণ রূপই অর্থহীন, এই চর্চার স্বীকৃতিস্বরূপ তিনি পেয়েছিলেন National Professorship (2007) সম্মান, ন্যাশন্যাল বুক ট্রাস্টর চেয়ারম্যান এর পদ (2008), ইউনিভার্সিটি গ্রান্ট কমিশনের সদস্যপদ, সর্বোপরি পদ্মভূষণ সম্মান (2010), আর পেয়েছেন অজস্র গুণমুগ্ধ পাঠককে, তাঁর লেখনী বিষয়ে মতপার্থক্য থাকলে তাংর চিন্তন-মননশীলতাকে উপেক্ষা করার ক্ষমতা কারোর হয়নি। আধুনিক ভারত ইতিহাসচর্চা বিশেষত অর্থনৈতিক জাতীয়তাবাদ, জাতীয় সংগ্রাম, উপনিবেশবাদ, সম্প্রদায়িকতাবাদ সম্পর্কিত বিতর্ক তাঁকে ছাড়া অসম্পূর্ণ, আমৃত্যু ইতিহাসচর্চা নিয়োজিত প্রাণ বিপানচন্দ্রের শেষ পর্যায়ের লেখনীতে রয়েছে তাঁর আত্মজীবনী এক ভগৎ সিং সম্পর্কিত রচনা, নিকট বন্ধু এক ছাত্রদের কাছে যিনি পরিচিত ছিলেন কেবলই বিপান নামে, তিনি ছিলেন, আছেন, থাকবেন তাঁর অসাধারণ সব রচনার মধ্যেই।

তথ্যসূত্র ঃ


1. Sabyasachi Bhattacharya - Professor Bipan Chandra (1928-2014) - Economic and Political Weekly, Oct.11, 2014, Vol. - XLIX, No. - 41
2. V Krishna Ananth - A Respected Teacher of History - Economic and Political weekly, Oct.11, 2014, Vol. - XLIX No. - 41
3. Mridula Mukherjee and Aditya Mukherjee - Tribute : Pemembering Bipan Chandra - Mainsfream Vol. LII No. - 37, Sep.6, 2014
4. Aditya Mukherjee - Bipan Chandra (1928-2014) - The Gandhian Marxist - Open Magazine - 4 Sep., 2014 - e-edition.
5. Avijit Ghosh - Eminent historian Bipan Chandra passes away - The Times of India - Aug 30, 2014, 10:05 P.M.I.S.T. - e-edition.
6. Special Correspondant - Historian Bipan Chandra passes away - The Hindu - New Delhi, Aug 30, 2014, 20:22, 1st, e-edition.


Scanned by CamScanner